

সার্কুলার নং-বিজিএ/ব্যাংকিং/২০২৬/৩৯৯

তারিখ: ৩০ জুলাই, ২০২৬

সম্মানিত সকল সদস্যের জন্য

বিষয়: সরকার বা বাংলাদেশ ব্যাংক কর্তৃক ঘোষিত প্রণোদনা প্যাকেজ বা অন্যান্য নীতি সহায়তা গ্রহণের পূর্বে গ্রাহক কর্তৃক দায়েরকৃত মামলা প্রত্যাহার প্রসঙ্গে।

সূত্র: বাংলাদেশ ব্যাংকের বিআরপিডি-১ সার্কুলার লেটার নং-২৫ তারিখ: ২৯ জুলাই, ২০২৬

উপরোক্ত বিষয় ও সূত্রের প্রতি আপনাদের সদয় দৃষ্টি আকর্ষণ পূর্বক জানানো যাচ্ছে যে, বাংলাদেশ ব্যাংক কর্তৃক ২৯ জুলাই ২০২৬ তারিখে "নীতি সহায়তা গ্রহণের ক্ষেত্রে গ্রাহক কর্তৃক দায়েরকৃত মামলা প্রত্যাহার প্রসঙ্গে" সূত্রোক্ত সার্কুলার লেটার জারি করা হয়েছে। সার্কুলারের মূল নির্দেশনাগুলো নিচে সংক্ষেপে তুলে ধরা হলো:

মামলা প্রত্যাহার করা: কর্মসংস্থান সৃষ্টি এবং অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জনের লক্ষ্যে সরকার এবং বাংলাদেশ ব্যাংক ঋণগ্রহীতাদের বিভিন্ন প্রণোদনা বা নীতি সহায়তা প্রদান করে আসছে। দেখা যাচ্ছে, কোনো কোনো গ্রাহক এই সুবিধা গ্রহণ করার পাশাপাশি সরকার, বাংলাদেশ ব্যাংক বা সংশ্লিষ্ট ব্যাংকের বিরুদ্ধে রিট পিটিশনসহ অন্যান্য মামলা অব্যাহত রাখছেন। মামলাজট নিরসনকল্পে এখন থেকে যেকোনো প্রণোদনা প্যাকেজ বা নীতি সহায়তা পাওয়ার পূর্বশর্ত হিসেবে আবেদনকারী কর্তৃক দায়েরকৃত সকল অনিষ্পন্ন মামলা অবশ্যই প্রত্যাহার করতে হবে।

হলফনামা (Affidavit) দাখিল: নীতি সহায়তা বা প্রণোদনার জন্য আবেদন করার সময় আবেদনকারীকে একটি হলফনামা (Affidavit) দাখিল করতে হবে। এই হলফনামায় উল্লেখ থাকতে হবে যে, সরকার, বাংলাদেশ ব্যাংক বা সংশ্লিষ্ট ব্যাংকের বিরুদ্ধে আবেদনকারীর কোনো মামলা অনিষ্পন্ন নেই। একই সাথে প্রত্যাহারকৃত মামলার একটি তালিকাও আবেদনের সাথে সংযুক্ত করতে হবে।

অতএব, বিজিএমইএ-র যে সকল সদস্য প্রতিষ্ঠান ব্যাংকের মাধ্যমে সরকারের বিভিন্ন প্রণোদনা প্যাকেজ, রপ্তানিমুখী বিশেষ সহায়তা কিংবা যেকোনো নীতি সহায়তার জন্য আবেদন করতে যাচ্ছেন, তাদেরকে বাংলাদেশ ব্যাংকের উল্লিখিত নির্দেশনা কঠোরভাবে প্রতিপালন করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

প্রয়োজনীয় কার্যার্থে বাংলাদেশ ব্যাংকের সার্কুলারটি এতদসঙ্গে সংযুক্ত করে প্রেরণ করা হলো।

ধন্যবাদান্তে,

 30/07/2026

মেজর জেনারেল ড. মোঃ সাহেদুল ইসলাম (অবঃ)
মহা-সচিব

সংযুক্তি: বর্ণনামতে।



বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ।
website: www.bb.org.bd

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ-১

বিআরপিডি-১ সার্কুলার লেটার নং-২৫

২৯ জুলাই ২০২৬
তারিখ: -----
১৪ শ্রাবণ ১৪৩৩

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক

প্রিয় মহোদয়,

নীতি সহায়তা গ্রহণের ক্ষেত্রে গ্রাহক কর্তৃক দায়েরকৃত মামলা প্রত্যাহার প্রসঙ্গে।

কর্মসংস্থান সৃষ্টি এবং টেকসই অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জনের লক্ষ্যে উৎপাদনশীল খাতে ঋণপ্রবাহ বৃদ্ধির মাধ্যমে বেসরকারি বিনিয়োগ নির্ভর অর্থনীতি গঠনের নিমিত্ত বাংলাদেশ ব্যাংক কর্তৃক ইতোমধ্যে বিভিন্ন পদক্ষেপ গৃহীত হয়েছে। উক্ত পদক্ষেপের আওতায় রপ্তানিমুখী বন্ধ কল-কারখানা চালু করাসহ কৃষি, সিএমএসএমই ইত্যাদি খাতের ঋণগ্রহীতাগণকে ব্যাংকের মাধ্যমে বিভিন্ন প্রণোদনা/নীতি সহায়তা প্রদান করা হচ্ছে। কিন্তু তা সত্ত্বেও লক্ষ করা যাচ্ছে যে, কোনো কোনো গ্রাহক একদিকে বাংলাদেশ ব্যাংক কর্তৃক প্রদত্ত প্রণোদনা/নীতি সহায়তা গ্রহণ করছে অন্যদিকে সরকার, বাংলাদেশ ব্যাংক ও সংশ্লিষ্ট ব্যাংকের বিরুদ্ধে রিট পিটিশনসহ অন্যান্য দায়েরকৃত মামলা অব্যাহত রাখছে।

- ২। বর্ণিত প্রেক্ষাপটে দেশের ব্যাংকিং খাতে মামলাজট নিরসনকল্পে এ মর্মে নির্দেশনা প্রদান করা যাচ্ছে যে, সরকার তথা বাংলাদেশ ব্যাংক কর্তৃক ঘোষিত/ঘোষিতব্য প্রণোদনা প্যাকেজসহ অন্যান্য যেকোনো নীতি সহায়তা প্রদানের পূর্বে আবেদনকারী কর্তৃক ইতোপূর্বে সরকার, বাংলাদেশ ব্যাংক ও সংশ্লিষ্ট ব্যাংকের বিরুদ্ধে রিট পিটিশনসহ অন্যান্য দায়েরকৃত মামলা অনিশ্পন্ন থাকলে তা প্রত্যাহার সাপেক্ষে উক্ত আবেদন বিবেচনা করতে হবে। এক্ষেত্রে প্রত্যাহারকৃত মামলার তালিকা সংযুক্ত করে আবেদনকারী কর্তৃক ইতোপূর্বে সরকার, বাংলাদেশ ব্যাংক ও সংশ্লিষ্ট ব্যাংকের বিরুদ্ধে দায়েরকৃত কোনো মামলা অনিশ্পন্ন নেই মর্মে গ্রাহকের নিকট হতে একটি হলফনামা (Affidavit) গ্রহণ করতে হবে।
- ৩। ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো, যা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

(গাজী মোঃ মাহফুজুল ইসলাম)
পরিচালক (বিআরপিডি-১)
ফোন: ৯৫৩০২৫২